

রাবিতে ভারতীয় হাইকমিশনারকে সম্মাননা প্রদান

■ রাজশাহী অফিস

বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার পঙ্কজ শরণ বলেছেন, “বাংলাদেশ প্রতিবেশী দুটি দেশের সম্পর্ক শুধু সরকারের ওপর নির্ভরশীল নয়। এই সম্পর্ক বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় থেকে দুই দেশের জনগণের মধ্যকার সম্পর্ক। ভারতের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক এখন নতুন অধ্যায়ে উপনীত। এই সম্পর্ক উন্নয়ন করতে হবে ও শিক্ষাসহ সকল ক্ষেত্রে সম্পর্ক আরো বাড়তে হবে। দুই দেশকে মুক্তিযুদ্ধের সময়কার চেতনায় ফিরিয়ে এনে সামনে এগিয়ে যেতে হবে। প্রতিবেশীর সঙ্গে সহযোগিতাপূর্ণ সম্পর্ক ছাড়া কেউ সফল হতে পারে না।

গতকাল সোমবার সকালে রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) সিনেট ভবনে ভারতীয় হাইকমিশনারকে প্রদত্ত সম্মাননা অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। রাবির উপাচার্য প্রফেসর মুহাম্মদ মিজানউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপ-উপাচার্য প্রফেসর চৌধুরী সারওয়ার জাহান। ভারতীয় হাইকমিশনার তার বক্তব্যে শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ভারতের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির আশ্বাস দিয়ে বলেন, বাংলাদেশের শিক্ষা-সংস্কৃতিসহ সামগ্রিক উন্নয়নে ভারত সদা সহযোগী হিসেবে কাজ করে যাক্কে। সাম্প্রতিক সময়ে ভারতীয় সংসদে স্বীকৃত চুক্তি বিল অনুমোদনের মাধ্যমে ভারত-বাংলাদেশ যেক্টর ‘যে’ নতুন দিগন্ত উন্মোচিত হয়েছে তা দুইদেশের বন্ধনকে আরও সুদৃঢ় করবে। এসময় রাজশাহীতে নিযুক্ত ভারতীয় সহকারী হাইকমিশনার সন্দীপ মিত্র এবং ঢাকা হাইকমিশনার ফার্স্ট সেক্রেটারি সুমিত চতুর্বেদি তাঁর সঙ্গে ছিলেন।